রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, সেপ্টেম্বর ১৪, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**প্রশাসন শাখা-০২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ ভাদ্র ১৪৩২/০৮ সেপ্টেম্বর ২০২৫

নং ৪৭.০০.০০০০.০৩২.২২.০০৮.২২.৩৭২—সমবায় সমিতি ও সমবায়ীদের পুরস্কার প্রদানের লক্ষ্যে 'জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা, ২০২৪' প্রণীত হয়। উক্ত নীতিমালার আলোকে সমবায় সমিতি ও সমবায়ীদের পুরস্কার প্রদানের ক্ষেত্রে উপযুক্ত প্রার্থী বাছাইকরণে কিছু সমস্যা ও অসংগতি পরিলক্ষিত হওয়ায় তা নিরসণের লক্ষ্যে 'জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা, ২০২৪' সংশোধনপূর্বক আধুনিক ও যুগোপযোগী করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে "জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা, ২০২৫" প্রণয়ন করা হলো।

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাহ্‌রিন সুলতানা**
সিনিয়র সহকারী সচিব।


মূল্য : টাকা ১৬.০০

## জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা, ২০২৫

### ভূমিকা

সমবায় পদ্ধতির অনুশীলন ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় ও উদ্যোগকে যৌথ প্রচেষ্টার মাধ্যমে বৃহত্তর উদ্যোগ গ্রহণে সহায়তা করে। এ ধরনের উদ্যোগের অংশীদার হয়ে সদস্যদের আনুপাতিক সম্পদের পরিমাণ বৃদ্ধি পায়, যা তাদের অধিকতর জীবনমান উন্নয়নে ইতিবাচক ভূমিকা পালন করে। আদর্শ, মূল্যবোধ এবং গণতান্ত্রিক অনুশীলনের ক্ষেত্রে সমবায় সুশাসনের প্রতীক। আর সমাজ ও জাতীয় জীবনের সর্বস্তরে সুশাসন প্রতিষ্ঠা আমাদের সরকারি অঙ্গীকার। সমবায়ের এরূপ উৎকর্ষ সাধনে বিবেচনায় রেখে আমাদের পবিত্র সংবিধানে সমবায় মালিকানাকে স্বীকৃতি দেয়া হয়েছে। পাশাপাশি সমবায়ের বিস্তারে সরকারের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এরই ধারাবাহিকতায় চলমান সমবায় কার্যক্রমকে আরো সম্প্রসারিত, গতিশীল ও উৎসাহিত করার জন্য সরকার সমবায়ের মাধ্যমে অবদান রাখার স্বীকৃতিস্বরূপ ''জাতীয় সমবায় পুরস্কার" প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

### ২। উদ্দেশ্য

সমবায় অঙ্গনে কৃতিত্বপূর্ণ অবদানের জন্য সমবায়ী এবং সমবায় সমিতিকে স্বীকৃতিস্বরূপ জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হবে। সমবায় আদর্শ ও দর্শনের যথাযথ প্রয়োগের মাধ্যমে দেশের দারিদ্র্য বিমোচন ও আর্থ-সামাজিক উন্নয়নে বিশেষ অবদান রাখার জন্য প্রতি বছর দেশের বিভিন্ন শ্রেণির শ্রেষ্ঠ সমবায়ী ও সমবায় সমিতিকে এ পুরস্কার প্রদান করা হবে। সমবায় আন্দোলনকে আরো গতিশীল এবং সমবায়ীদের মধ্যে ভাল কাজ করার ও অর্থনৈতিক কর্মকাণ্ডে অবদান রাখার ক্ষেত্রে আগ্রহ উদ্দীপনা ও প্রতিযোগিতার মনোভাব সৃষ্টি করাই জাতীয় সমবায় পুরস্কারের মূল উদ্দেশ্য।

### ৩। সমবায় সমিতির শ্রেণি বিন্যাস/ক্যাটাগরি

নীতিমালার উদ্দেশ্যের আলোকে সার্বিক কর্মকাণ্ড বিবেচনায় কৃতিত্বপূর্ণ অবদান রাখার জন্য প্রতিবছর ১৪টি জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হবে। এর মধ্যে ১০টি শ্রেণি/ক্যাটাগরিতে ১০টি সমবায় সমিতিকে এবং ০৪ (চার) জন সমবায়ীকে (২জন পুরুষ, ২জন মহিলা) এই পুরস্কারের জন্য মনোনয়ন প্রদান করা হবে। পুরস্কারের জন্য যদি কোন ক্যাটাগরিতে যোগ্য প্রার্থী পাওয়া না যায় সেক্ষেত্রে উক্ত ক্যাটাগরিতে পুরস্কার প্রদান করা হবে না। জাতীয় সমবায় পুরস্কার প্রদানের জন্য ১০টি সমবায় সমিতি শ্রেণি/ক্যাটাগরি নিম্নরূপ:

১. কৃষিভিত্তিক/সার্বিক গ্রাম উন্নয়ন সমবায়

- কৃষি বা কৃষক সমবায় সমিতি, পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি, সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি।

২. সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট সমবায়

- সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি, কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন, কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি।

৩. উৎপাদনমুখী সমবায়

- দুগ্ধ সমবায় সমিতি, মৎস্যজীবী বা মৎস্যচাষী সমবায় সমিতি, উৎপাদনমুখী সমবায় সমিতি, প্রক্রিয়াজাতকরণ সমবায় সমিতি, ভোগ্যপণ্য সমবায় সমিতি।

৪. ব্যবসায়ী সমবায়

- দোকান মালিক বা ব্যবসায়ী বা মার্কেট সমবায় সমিতি, ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি, হকার্স সমবায় সমিতি, পর্যটন শিল্প সমবায় সমিতি।

৫. মুক্তিযোদ্ধা সমবায়

- মুক্তিযোদ্ধাদের নিয়ে নিবন্ধিত যে-কোনো ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে।

৬. বিত্তহীন, ভূমিহীন সমবায়

- বিত্তহীন সমবায় সমিতি, ভূমিহীন সমবায় সমিতি, আশ্রয়ণ সমবায় সমিতি।

৭. মহিলা সমবায়

- মহিলাদের নিয়ে নিবন্ধিত যে-কোনো ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে।

৮. পেশাভিত্তিক সমবায়

- মৃৎশিল্পী সমবায় সমিতি, তাঁতী সমবায় সমিতি, পরিবহন মালিক বা শ্রমিক সমবায় সমিতি, কর্মচারী সমবায় সমিতি, অটোরিক্সা/অটোটেম্পো/টেক্সিক্যাব/মটর/ট্রাক বা ট্যাঙ্ক-লরি চালক সমবায় সমিতি, পেশাজীবী সমবায় সমিতি।

৯. গৃহায়ন/বহুমুখী সমবায়

- গৃহায়ন (হাউজিং) সমবায় সমিতি, ফ্ল্যাট বা অ্যাপার্টমেন্ট মালিক সমবায় সমিতি, বহুমুখী সমবায় সমিতি।

১০. বিশেষ ও অন্যান্য শ্রেণি

- যুব সমবায় সমিতি, ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক সমবায় সমিতি, শ্রমজীবী সমবায় সমিতি এবং ১ থেকে ৯ ক্রমিকে উল্লিখিত শ্রেণি ব্যতীত বিশেষ ক্যাটাগরিতে অন্যান্য নিবন্ধিত সমবায় সমিতি।

**৪। পুরস্কারের ধরন ও প্রকৃতি**

ক) ১টি ক্রেস্ট

খ) ১টি সম্মাননা সনদ

গ) ১ (এক) লক্ষ টাকা অর্থমূল্য

**৫। জাতীয় সমবায় পুরস্কার বিতরণী অনুষ্ঠান**

১. স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী জাতীয় সমবায় পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন।

২. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, জাতীয় সমবায় পুরস্কার বিতরণী অনুষ্ঠান পরিচালনা করবেন।

৩. পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় জাতীয় সমবায় পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজনের যাবতীয় দায়িত্ব পালন করবে।

৪. জাতীয় সমবায় দিবস কিংবা অন্য কোন সুবিধাজনক সময়ে এ পুরস্কার প্রদান করা হবে।

**৬। আবেদন প্রক্রিয়া ও বাছাই পদ্ধতি**

**৬.১ আবেদন প্রক্রিয়া**

১. জাতীয় সমবায় পুরস্কার প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি বাংলায় প্রকাশিত দু'টি জাতীয় দৈনিক সংবাদপত্রে প্রকাশ করা হবে।

২. আবেদন ফরম প্রাপ্তিস্থান: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং সমবায় অধিদপ্তরের ওয়েবসাইট, বিভাগ, জেলা ও উপজেলা সমবায় দপ্তরসমূহের ওয়েব পোর্টাল, জেলা ও উপজেলা প্রশাসনের ওয়েবসাইট/ওয়েব পোর্টালে পাওয়া যাবে।

৩. আবেদন ফরম জমা: যোগ্যতাসম্পন্ন সমবায়ী এবং সমবায় সমিতি নিজ উদ্যোগে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরম পূরণপূর্বক অনলাইনে অথবা হার্ডকপি উপজেলা সমবায় কার্যালয়ে জমা দিতে হবে।

**৬.২ বাছাই পদ্ধতির ধাপসমূহ**

১. পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের নির্দেশনা অনুযায়ী বিভিন্ন পর্যায়ের বাছাই কমিটির নিকট যথাসময়ে সমবায় অধিদপ্তর মূল্যায়ন ছক প্রেরণ করবে।

২. উপজেলা কমিটি উপজেলা পর্যায়ের প্রতিটি শ্রেণি/ক্যাটাগরি থেকে শ্রেষ্ঠ সমবায় সমিতি এবং শ্রেষ্ঠ সমবায়ীর নাম জেলা পর্যায়ের কমিটি বরাবর প্রেরণ করবে।

৩. পুরস্কারের জন্য মনোনীত সমবায় সমিতি এবং সমবায়ীর তথ্য উপজেলা কমিটি থেকে প্রাপ্তির ১৫ দিনের মধ্যে জেলা কমিটি স্ব-স্ব জেলা থেকে প্রত্যেক শ্রেণি হতে সমবায় সমিতি এবং সমবায়ী নির্বাচন করে সুপারিশসহ বিভাগীয় কমিটি বরাবর প্রেরণ করবে।

৪. বিভাগীয় কমিটি জেলা কমিটি থেকে মনোনয়ন প্রাপ্তির ১৫ দিনের মধ্যে বিভাগীয় পর্যায়ের শ্রেষ্ঠ সমবায় সমিতি এবং শ্রেষ্ঠ সমবায়ীর মনোনয়ন চূড়ান্ত করে নির্দিষ্ট ছকে জাতীয় নির্বাচনী কমিটিতে প্রেরণ করবে।

৫. প্রদত্ত নম্বরের ভিত্তিতে শ্রেষ্ঠ সমবায় সমিতি এবং শ্রেষ্ঠ সমবায়ী নির্বাচন করা হবে। মোট ১০০ নম্বরের বাছাই প্রক্রিয়ায় কমপক্ষে ৬০ নম্বর না পেলে কোন সমবায় সমিতি এবং সমবায়ীকে পুরস্কারের জন্য মনোনীত করা যাবে না।

৬. বিভাগীয় কমিটি বিভাগীয় পর্যায়ে মনোনীত প্রতিটি শ্রেণির শ্রেষ্ঠ সমবায় সমিতি এবং শ্রেষ্ঠ সমবায়ীর নাম প্রদত্ত ছক মোতাবেক পৃথক সীটে ৫ (পাঁচ) প্রস্থ জাতীয় কমিটির বিবেচনার জন্য সমবায় অধিদপ্তরের মাধ্যমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করবে। একই ছকে একাধিক সমবায় সমিতি এবং সমবায়ীর তথ্য কোনক্রমেই দেয়া যাবে না।

৭. বিভাগীয় কমিটি হতে সমবায় সমিতি এবং সমবায়ী মনোনয়ন প্রাপ্তির পর জাতীয় কমিটি জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ সমবায় সমিতি এবং শ্রেষ্ঠ সমবায়ী চূড়ান্তভাবে নির্বাচন করবে।

৮. জাতীয় পর্যায়ে পুরস্কারপ্রাপ্ত শ্রেষ্ঠ সমবায় সমিতি/শ্রেষ্ঠ সমবায়ীকে তিন বছর অতিক্রান্ত না হওয়া পর্যন্ত পুনরায় পুরস্কারের জন্য মনোনীত করা যাবে না।

৯. জাতীয় কমিটি বিশেষ বিবেচনায় অধিকতর তথ্য ও অনুসন্ধানের ভিত্তিতে বিভাগীয় কমিটি হতে প্রাপ্ত মনোনয়ন সংশোধনপূর্বক উপযুক্ত সমবায় সমিতি এবং সমবায়ীকে যে কোন ক্ষেত্রে পুরস্কারের জন্য চূড়ান্তভাবে মনোনীত করতে পারবে।

**৭। বিভিন্ন পর্যায়ে নির্বাচন কমিটি গঠন**

**৭.১ উপজেলা বাছাই কমিটি**

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২. | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ৩. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ৪. | উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ৫. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি | সদস্য |
| ৬. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ৭. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ৮. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ৯. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১০. | সভাপতি, ইউ.সি.সি.এ.লিঃ | সদস্য |
| ১১. | সভাপতি কর্তৃক মনোনীত একজন বিশিষ্ট সমবায়ী | সদস্য |
| ১২. | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য সচিব |

**৭.২ জেলা বাছাই কমিটি (পার্বত্য জেলা ব্যতীত)**

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | সভাপতি |
| ২. | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ৩. | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি | সদস্য |
| ৪. | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ৫. | জেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ৬. | উপপরিচালক, সমাজসেবা | সদস্য |
| ৭. | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| ৮. | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ৯. | উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১০. | সভাপতি, জেলা সমবায় ইউনিয়ন | সদস্য |
| ১১. | সভাপতি কর্তৃক মনোনীত একজন বিশিষ্ট সমবায়ী | সদস্য |
| ১২. | জেলা সমবায় অফিসার | সদস্য সচিব |

তবে শর্ত থাকে যে, তিনটি পার্বত্য জেলার জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ১৫/০৯/২০১১ তারিখে জারীকৃত (৬২৫ নম্বর পরিপত্র) বিধান মোতাবেক গঠিত জেলা কমিটি কার্যকর হবে।

### ৭.৩ বিভাগীয় বাছাই কমিটি

| | | |
|---|---|---|
| ১. | বিভাগীয় কমিশনার | সভাপতি |
| ২. | জেলা প্রশাসক (সকল) (সংশ্লিষ্ট বিভাগ) | সদস্য |
| ৩. | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি (বিভাগীয় দপ্তর) | সদস্য |
| ৪. | অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ৫. | পরিচালক, বিভাগীয় মৎস্য অধিদপ্তর | সদস্য |
| ৬. | পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর | সদস্য |
| ৭. | পরিচালক, সমাজসেবা | সদস্য |
| ৮. | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (বিভাগীয় সদর) | সদস্য |
| ৯. | পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর (বিভাগীয় সদর) | সদস্য |
| ১০. | উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিভাগীয় সদর) | সদস্য |
| ১১. | সভাপতি কর্তৃক মনোনীত একজন বিশিষ্ট সমবায়ী | সদস্য |
| ১২. | যুগ্মনিবন্ধক (সংশ্লিষ্ট বিভাগ) | সদস্য সচিব |

### ৭.৪ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বাছাই কমিটি

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) | সভাপতি |
| ২. | যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট) | সদস্য |
| ৩. | অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) | সদস্য |
| ৪. | অতিরিক্ত নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা) | সদস্য |
| ৫. | অতিরিক্ত নিবন্ধক (ইপিপি) | সদস্য |
| ৬. | যুগ্মনিবন্ধক (ইপিপি) | সদস্য |
| ৭. | উপনিবন্ধক (পিপি) | সদস্য |
| ৮. | উপসচিব (প্রশাসন অধিশাখা-২) | সদস্য সচিব |

### ৭.৫ জাতীয় কমিটি

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সভাপতি |
| ২. | সিনিয়র সচিব/সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সদস্য |
| ৩. | নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৪. | মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৫. | অতিরিক্ত সচিব (আইন ও প্রতিষ্ঠান), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সদস্য |
| ৬. | অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সদস্য |
| ৭. | প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ (যুগ্মসচিবের নিচে নয়) | সদস্য |
| ৮. | প্রতিনিধি, অর্থ বিভাগ (যুগ্মসচিবের নিচে নয়) | সদস্য |

| | | |
|---|---|---|
| ৯. | প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ (যুগ্মসচিবের নিচে নয়) | সদস্য |
| ১০. | প্রতিনিধি, কৃষি মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়) | সদস্য |
| ১১. | প্রতিনিধি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়) | সদস্য |
| ১২. | প্রতিনিধি, শিল্প মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়) | সদস্য |
| ১৩. | প্রতিনিধি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়) | সদস্য |
| ১৪. | প্রতিনিধি, সমাজকল্যাণ মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়) | সদস্য |
| ১৫. | প্রতিনিধি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়) | সদস্য |
| ১৬. | প্রতিনিধি, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়) | সদস্য |
| ১৭. | সভাপতি, বাংলাদেশ জাতীয় সমবায় ইউনিয়ন | সদস্য |
| ১৮. | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে মনোনীত জাতীয় সমবায় পুরস্কারপ্রাপ্ত দু'জন বিশিষ্ট সমবায়ী (দুই বৎসরের জন্য মনোনীত) | সদস্য |
| ১৯. | অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সদস্য-সচিব |

৮। **শ্রেষ্ঠ সমবায় সমিতি নির্বাচন সংক্রান্ত মূল্যায়ন সূচক**

| **৮.১** | **অর্থনৈতিক অবস্থা** | **মোট নম্বর (১১×৪)=৪৪** |
|---|---|---|
| ক. | পরিশোধিত শেয়ার মূলধন | ৪ |
| খ. | সংরক্ষিত তহবিল | ৪ |
| গ. | মুনাফা হতে সৃষ্ট অন্যান্য তহবিল | ৪ |
| ঘ. | সঞ্চয় আমানত | ৪ |
| ঙ. | স্থাবর ও অস্থাবর সম্পত্তির মূল্য | ৪ |
| চ. | সদস্যদের মধ্যে ঋণ বিতরণের পরিমাণ (৩ বছর) | ৪ |
| ছ. | সদস্যদের মধ্যে বিতরণকৃত ঋণ আদায়ের পরিমাণ (৩ বছর) | ৪ |
| জ. | অন্যান্য বিনিয়োগ (৩ বছর) | ৪ |
| ঝ. | নিট মুনাফা (টাকায়) | ৪ |
| ঞ. | সদস্যদের মধ্যে লভ্যাংশ বণ্টনের পরিমাণ (টাকায়) ও শতকরা হার | ৪ |
| ট. | অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল প্রদানের পরিমাণ (টাকায়) | ৪ |

| **৮.২** | **প্রচলিত আইন ও বিধি প্রতিপালন** | **মোট নম্বর (৮×৪)=৩২** |
|---|---|---|
| ক. | সর্বশেষ নির্বাচন (প্রমাণক-ফলাফলের কাগজপত্র) | ৪ |
| খ. | বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের তারিখ ও উপস্থিতি (প্রমাণক-হাজিরা তলিকাসহ কার্যবিবরণী) | ৪ |
| গ. | বিবেচ্য বছরে ব্যবস্থাপনা কমিটির অনুষ্ঠিত সভার সংখ্যা (প্রমাণকসহ) | ৪ |

| | | |
|---|---|---|
| ঘ. | বিবেচ্য বছরের বাজেট অনুমোদনের তারিখ (প্রমাণকসহ) | ৪ |
| ঙ. | বার্ষিক হিসাব বিবরণী দাখিল করা হয়েছে কিনা? (প্রমাণকসহ) | ৪ |
| চ. | সম্পাদিত অডিটের আলোকে অডিট আপত্তি সংশোধনীর প্রতিবেদন দাখিলের তারিখ (প্রমাণকসহ) | ৪ |
| ছ. | বিধিবদ্ধ রেজিস্টারসমূহ বিবেচ্য বছরের ৩০ জুন তারিখে হালনাগাদ আছে কিনা? (প্রমাণকসহ) | ৪ |
| জ | পরিশোধিত শেয়ারের বাজার মূল্য নির্ধারণ করা হয়েছে কিনা? (প্রমাণকসহ) | ৪ |

| ৮.৩ | **সমবায় সমিতি কর্তৃক গৃহীত অন্যান্য কার্যক্রম** | **মোট নম্বর (৪×৩)=১২** |
|---|---|---|
| ক. | সমবায় আন্দোলনে (উদ্বুদ্ধকরণ সভা, সেমিনার ও র‌্যালী, পুরস্কার প্রদান, প্রচার ও প্রকাশনা) অবদান (প্রমাণক: কার্যভিত্তিক বিনিয়োগের পরিমাণ) | ৪ |
| খ. | সামাজিক কার্যক্রম (প্রমাণক: কার্যভিত্তিক বিনিয়োগের পরিমাণ) | ৪ |
| গ. | সমবায় ওয়েব পোর্টালের (portal.coop.gov.bd) সকল তথ্য হালনাগাদকরণ | ৪ |

| ৮.৪ | **সমিতির প্রাতিষ্ঠানিকীকরণ** | **মোট নম্বর (৪×৩)= ১২** |
|---|---|---|
| ক. | বিগত ০৩ বছরে সমবায় অধিদপ্তরের প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অংশগ্রহণকারী সদস্য সংখ্যা (প্রমাণকসহ) | ৪ |
| খ. | অনুমোদিত চাকরি বিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত কর্মচারীর সংখ্যা | ৪ |
| গ. | সমিতি কর্তৃক পরোক্ষ কর্মসংস্থানের সংখ্যা বিবরণসহ | ৪ |

**৯। শ্রেষ্ঠ সমবায়ী নির্বাচন সংক্রান্ত মূল্যায়ন সূচক**

| ৯.১ | **অর্থনৈতিক অবস্থা** | **মোট নম্বর (৫×৫)=২৫** |
|---|---|---|
| ক. | সমবায় সমিতিতে সদস্যপদ গ্রহণের তারিখ (প্রমাণকসহ) | ৫ |
| খ. | ব্যক্তিগত শেয়ারের মূল্য (টাকায়) | ৫ |
| গ. | ব্যক্তিগত সঞ্চয় আমানতের পরিমাণ (টাকায়) | ৫ |
| ঘ. | ব্যক্তিগত ঋণগ্রহণ ও পরিশোধের হার (টাকায়) | ৫ |
| ঙ. | সমিতির হিসাব সংরক্ষণে দক্ষতা ও সমিতির আর্থিক অব্যবস্থাপনা নিষ্পত্তি করার দক্ষতা | ৫ |

| ৯.২ | **প্রচলিত আইন ও বিধি প্রতিপালন** | **মোট নম্বর (৫×৫)=২৫** |
|---|---|---|
| ক. | ব্যবস্থাপনা কমিটি ও বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণের সংখ্যা (প্রমাণক-হাজিরা তালিকা) এবং বিগত বার্ষিক সাধারণ সভার সুপারিশ/সিদ্ধান্ত বাস্তবায়ন | ৫ |
| খ. | সমিতির বিভিন্ন কমিটি/উপকমিটিতে দায়িত্ব পালনের সংক্ষিপ্ত বিবরণ (প্রমাণক-হাজিরা তালিকা) | ৫ |
| গ. | সমিতি সংক্রান্ত কোনো বিষয়ে তাঁর বিরুদ্ধে তদন্তে শাস্তি হয়েছে কিনা? যদি থাকে তার সংক্ষিপ্ত বিবরণ। | ৫ |
| ঘ. | তাঁর বিরুদ্ধে অডিট আপত্তিতে অর্থ তছরূপের কোনো বিষয় উল্লেখ আছে কিনা? | ৫ |
| ঙ. | তাঁর বিরুদ্ধে দেশের প্রচলিত আইনে বিগত ৩ বছরে কোনো মামলা চলমান আছে কিনা? যদি থাকে তবে উক্ত মামলায় শাস্তি হয়েছে কিনা? | ৫ |

| ৯.৩ | **উন্নয়ন কার্যক্রম** | **মোট নম্বর (৪×৫)=২০** |
|---|---|---|
| ক. | এ পর্যন্ত সমবায় সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণের সংখ্যা ও বিবরণ | ৫ |
| খ. | অন্যান্য সদস্যদের প্রশিক্ষণ দেয়ার ক্ষেত্রে ভূমিকা | ৫ |
| গ. | ব্যক্তিগত প্রচেষ্টায় সমিতির সদস্য বৃদ্ধিসহ সার্বিক উন্নতির সংক্ষিপ্ত বিবরণ | ৫ |
| ঘ. | সমিতির নিজস্ব অর্থায়নে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে তাঁর ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ (যদি থাকে) | ৫ |

| ৯.৪ | **কর্মসংস্থান** | **মোট নম্বর (৩×৫)=১৫** |
|---|---|---|
| ক. | সমিতিতে কর্মসংস্থান সৃষ্টির ক্ষেত্রে তাঁর ভূমিকা—<br>১) প্রত্যক্ষ কর্মসংস্থানের সংক্ষিপ্ত বিবরণসহ<br>২) পরোক্ষ কর্মসংস্থানের সংক্ষিপ্ত বিবরণসহ | ৫ |
| খ. | সমিতিতে আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহারে তাঁর ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ | ৫ |
| গ. | সমবায় উদ্যোক্তা সৃজনে তাঁর অবদানের সংক্ষিপ্ত বিবরণ | ৫ |

| **৯.৫** | **অন্যান্য কার্যক্রম** | **মোট নম্বর (৫×৩)=১৫** |
|---|---|---|
| ক. | সমবায় আন্দোলনে তাঁর নেতৃত্ব ও ভূমিকার সংক্ষিপ্ত বিবরণ | ৫ |
| খ. | সমবায় আন্দোলনের স্বীকৃতিস্বরূপ স্থানীয়/জাতীয় পর্যায়ে তাঁর স্বীকৃতির সংক্ষিপ্ত বিবরণ (প্রমাণক- সনদ, ক্রেস্ট, ছবি) | ৫ |
| গ. | সমবায় সংক্রান্ত তাঁর নিজস্ব প্রকাশনা (প্রমাণক-স্বনামে প্রকাশিত নিবন্ধ/গবেষণা ইত্যাদি) | ৫ |

১০। জাতীয় সমবায় পুরস্কার প্রদান সংক্রান্ত এই নীতিমালা অবিলম্বে কার্যকর হবে। ইতঃপূর্বে এ বিভাগ থেকে জারীকৃত এতদ্‌সংক্রান্ত নীতিমালা বাতিল বলে গণ্য হবে।

**মোঃ ইসমাইল হোসেন**
সচিব (রুটিন দায়িত্ব)
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

ফরম-ক

**জাতীয় সমবায় পুরস্কারের জন্য আবেদন ফরম (সমবায় সমিতি)**
**আবেদনের শ্রেণি/ক্যাটাগরি****

..........................................................

১. সমবায় সমিতির নাম:

২. সমবায় সমিতির নিবন্ধন নম্বর ও তারিখ:

৩. সমবায় সমিতির ঠিকানা:

৪. ব্যবস্থাপনা কমিটির ধরন ও মেয়াদকাল:

৫. সমিতির অর্থনৈতিক অবস্থা—

ক) পরিশোধিত শেয়ার মূলধন (টাকায়) ............................

খ) সংরক্ষিত তহবিল (টাকায়).......................

গ) মুনাফা হতে সৃষ্ট অন্যান্য তহবিল (টাকায়)......................

ঘ) সঞ্চয় আমানত (টাকায়)............................

৬. নিরীক্ষা সম্পাদনের তারিখ:

৭. সর্বশেষ নিরীক্ষা বর্ষে অর্জিত নিট মুনাফা:

৮. সামাজিক কার্যক্রমের বিবরণ:

৯. নিজস্ব কর্মচারীর সংখ্যা (যদি থাকে):

১০. জাতীয় সমবায় পুরস্কার প্রাপ্তির তথ্য (যদি থাকে):

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরে বর্ণিত তথ্যাদি সঠিক। পরবর্তীকালে প্রদত্ত তথ্যের কোনো ব্যত্যয়/বিচ্যুতি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষের যেকোনো সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবো।

| | |
|---|---|
| সম্পাদক/নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপক/ম্যানেজারের | সভাপতির স্বাক্ষর............................. |
| স্বাক্ষর........................................... | নাম:............................................... |
| নাম:............................................. | মোবাইল |
| মোবাইল নম্বর:.................................. | নম্বর:................................... |
| ই-মেইল:....................................... | ই-মেইল:......................................... |
| তারিখ:.......................................... | তারিখ:............................................ |

**আবেদন ফরমের সাথে সংযুক্ত শ্রেণি/ক্যাটাগরি হতে যেকোনো একটি উল্লেখ করতে হবে।

ফরম-খ

**জাতীয় সমবায় পুরস্কারের জন্য আবেদন ফরম (সমবায়ী)**

| |
|---|
| আবেদনকারীর সাম্প্রতিককালে তোলা এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে (অনলাইনে আবেদনের ক্ষেত্রে JPG ফরম্যাটে ছবি সংযুক্ত করতে হবে)। |

১. আবেদনকারীর নাম (বাংলায়): ........................................
ইংরেজিতে (বড় অক্ষরে): ........................................

২. পিতার নাম : .........................................................
মাতার নাম : .........................................................

৩. ক) বর্তমান ঠিকানা (গ্রাম/মহল্লা, ডাকঘর, থানা/উপজেলা, জেলা):
খ) স্থায়ী ঠিকানা (গ্রাম/মহল্লা, ডাকঘর, থানা/উপজেলা, জেলা):

৪. জাতীয় পরিচয়পত্র নম্বর (সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে):

৫. ক) জন্ম তারিখ (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী): খ) বয়স (আবেদনের তারিখে):

৬. শিক্ষাগত যোগ্যতা (সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে)

৭. সমবায় সমিতিতে সদস্যপদ গ্রহণের তারিখ ও বর্তমানে সমিতিতে পদবি:

৮. ব্যক্তিগত শেয়ারের মূল্য ও সঞ্চয় আমানতের পরিমাণ—
ক) শেয়ার (টাকায়):
খ) সঞ্চয় (টাকায়):

৯. ব্যক্তিগত ঋণ সংক্রান্ত তথ্যাদি—
ক) ঋণ গ্রহণের পরিমাণ (টাকায়):
খ) ঋণ পরিশোধের পরিমাণ (টাকায়):

১০. জাতীয় সমবায় পুরস্কার প্রাপ্তির তথ্য (যদি থাকে):

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরে বর্ণিত তথ্যাদি সঠিক। পরবর্তীকালে প্রদত্ত তথ্যের কোনো ব্যত্যয়/বিচ্যুতি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষের যেকোনো সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবো।

আবেদনকারীর স্বাক্ষর..............................

মোবাইল নম্বর:.......................................

ই-মেইল: ............................................

তারিখ:.................................................

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd